

২০২৪

ষষ্ঠ সেমেস্টার

বাংলা - সাম্মানিক

পত্র : DSE-A-3 and DSE-A-4

প্রাপ্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।
উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

DSE-A-3

[বাংলা গোয়েন্দা সাহিত্য, কল্পবিজ্ঞান আশ্রয়ী রচনা এবং অলৌকিক কাহিনি]

পূর্ণমান - ৬৫

- ১। (ক) 'শজারুর কাটা' কাহিনির নামকরণ কতখানি সার্থক, তা আলোচনা করো। ১০
অথবা,
(খ) 'শজারুর কাটা' অবলম্বনে নৃপতি লাহার বাড়ির আড্ডায় উপস্থিত চরিত্রদের পরিচয় দাও। ১০
- ২। (ক) প্রফেসর শঙ্কুর গল্পগুলি রোমাঞ্চকর অভিযানের কাহিনি হিসেবেও আকর্ষক।— যে-কোনো দুটি পাঠ্য গল্প অবলম্বনে বিষয়টি ব্যাখ্যা করো। ১০
অথবা,
(খ) ম্যাকাও-এর পরিচয় এবং কর্মদক্ষতার কথা গল্প অবলম্বনে আলোচনা করো। ১০
- ৩। (ক) দামুকাকা কে? তিনি কী ধরনের বিপত্তির সম্মুখীন হয়েছিলেন লেখো। ১০
অথবা,
(খ) "সেখানে গঙ্গার ধারে আমার পূর্বপুরুষদের একটা মস্ত বাড়ি আছে"— উৎস নির্ণয় করো। বাড়িটির ইতিহাস বর্ণনা করো। ১০
- ৪। (ক) প্রবাল দেবশিসকে খুন করতে চেয়েছিল কেন তা লেখো। ৫
অথবা,
(খ) "তিনটে মানুষ বেঘোরে প্রাণ দিল"— কোন তিনটে মানুষের কথা বলা হয়েছে? তাদের 'বেঘোরে প্রাণ' দেওয়ার কারণ কী ছিল? ১+৪
- ৫। (ক) 'ব্যোমযাত্রীর ডায়েরি' গল্প অবলম্বনে মঙ্গল গ্রহের বর্ণনা দাও। ৫
অথবা,
(খ) 'প্রফেসর শঙ্কু ও বোবু' গল্পে যন্ত্রের সঙ্গে মানুষের আত্মীয়তার প্রকাশ কীভাবে ঘটেছে, সংক্ষেপে আলোচনা করো। ৫

Please Turn Over

- ৬। (ক) 'সব ভুতুড়ে' গল্পগ্রন্থের মধ্যে দেশপ্রেমের উল্লেখ আছে, এমন দুটি গল্পের বিশ্লেষণ করো। ৫
- অথবা,
- (খ) অহিদিদির বন্ধুদের পরিচয় দাও। ১+৪
- ৭। টীকা লেখো (যে-কোনো একটি)। ৫×১
- (ক) 'শজারুর কাঁটা' উপন্যাসে ব্যোমকেশ কর্তৃক আসল অপরাধীকে চিহ্নিতকরণের সূত্রগুলি
- (খ) শঙ্কুর ডায়েরির পৃষ্ঠাগুলির বিশেষত্ব
- (গ) তেপান্তরের পারের বাড়ি।
- ৮। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও। ১×১৫
- (ক) অসুস্থ দেবশিসকে দেখতে দীপা কোন ডাক্তারবাবুকে খবর দিয়েছিল?
- (খ) 'শজারুর কাঁটা' উপন্যাসে দীপাকে তার ঠাকুরদা কী নামে ডাকতেন?
- (গ) দীপার দুটি শখের উল্লেখ করো।
- (ঘ) দেবশিসের কীসের ব্যবসা ছিল?
- (ঙ) দেবশিসের ফ্যান্টারির নাম কী?
- (চ) প্রফেসর শঙ্কু কেন টেরাটম গ্রন্থের প্রাণীদের মুক্তি না দিয়ে তাদের ধ্বংস করেছিলেন?
- (ছ) প্রফেসর শঙ্কুর সঙ্গে আলেকজান্ডার ক্রাগের সাক্ষাৎ হয়েছিল কোন দেশে?
- (জ) সকালে ম্যাকাওকে কী খেতে দেওয়া হয়েছিল?
- (ঝ) শঙ্কুর সাথে কোন জার্মান বৈজ্ঞানিক সভায় উপস্থিত ছিলেন?
- (ঞ) 'কাগজে আশ্চর্য খবর'— আশ্চর্য খবরটি কী?
- (ট) কলম সরদারকে ধরতে পুলিশকে ভূত কেন সাহায্য করেছিল?
- (ঠ) সব ভুতুড়ের মধ্যে মানুষের হাতে ভূতের জন্ম হওয়ার কথা আছে, এমন একটি গল্পের নাম লেখো।
- (ড) গল্পকথকের বড়োমামা কোথায় বাড়ি কিনেছিলেন?
- (ঢ) 'হিপনোজেন' শব্দের অর্থ লেখো।
- (ণ) গোপেনবাবু বাস্কাটি কোথায় লুকিয়ে রেখেছিলেন?